

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিভাগীয় কার্যালয়, রাজশাহী
www.bkkb.rajshahidiv.gov.bd

স্মারক নং-০৫.৮১.৮১০০.০০১.০৩.১০৫.১৩ (অংশ-১).৫৭

..

তারিখ: ২৯/০৮/২০২৩ খ্রি.

বিষয়ঃ স্টাফবাসের প্রচলিত টিকেট ফেরৎ প্রদান পূর্বক অনলাইনে ই-টিকেট গ্রহন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্টাফ বাসের টিকেট প্রদান সেবা কার্যক্রম প্রচলিত নিয়মের পরিবর্তে এখন হতে eservice.bkkb.gov.bd/eticketing ওয়েবপেইজ ব্যবহার করে কর্মকর্তা কর্মচারীগণ অনলাইনে ই-টিকেটের আবেদন করার জন্য প্রধান কার্যালয় হতে নির্দেশনা দেয়া হয়েছে। এ সফটওয়্যার ব্যবহার করে কর্মকর্তা/কর্মচারীগণ নতুন টিকেটের জন্য আবেদন, রুট/বাস পরিবর্তনের আবেদন, টিকেট বাতিলের আবেদন ও স্টাফবাসের না-দাবীর আবেদন অনলাইনে দাখিল করতে পারবেন। এছাড়া স্টাফবাসে যাতায়াতের চাহিত রুট অনুযায়ী টিকেটের ভাড়া অনলাইনে (নগদ অ্যাপে) জমা দিতে পারবেন এবং টিকেটের সফটকপি (QR Code) জেনারেট করবে। এখন থেকে এ কার্যালয় হতে স্টাফবাসের টিকেটের কোন হার্ড কপি প্রদান করা হবে না এবং ই-টিকেট ছাড়া বাসে যাতায়াত করা যাবে না।

এমতাবস্থায়, জরুরী ভিত্তিতে প্রচলিত টিকেট জমা প্রদানপূর্বক (কোনো বকেয়া ভাড়া থাকলে তা পরিশোধপূর্বক) আগামী ০৭/০৯/২০২৩ খ্রি. তারিখের মধ্যে ই-টিকেটিং কার্যক্রমের আওতায় ই-টিকেট গ্রহন ও অনলাইনে ভাড়া পরিশোধের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

বিতরণ:

.....
.....
.....

(মোঃ তারেক মাহমুদ)

উপপরিচালক

ফোন: ০২৫৮৮৮৫১০১৫

ই-মেইলঃ ddraj@bkkb.gov.bd

Red

Shang
২৩/৮/২৩